শিবগঞ্জ উপজেলা পরিষদ
বগুড়া।

| | | |
|---|---|---|
| **বিষয়** | ঃ | **শিবগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | ঃ | ফিরোজ আহমেদ রিজু<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া । |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| সভার তারিখ | ঃ | ৩০ মে ২০২৩, সময়-বেলা ১২:০০ টা। |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট "ক"। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া জনাব উম্মে কুলসুম সম্পাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা পর্যায়ের কর্মকর্তা এবং উপস্থিত সদস্যগণের মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ

আলোচ্যসূচি-০১ঃ **বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।**

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। **বিভাগীয় আলোচনাঃ**

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, এপ্রিল ২০২৩ মাসের অন্তঃ বিভাগে রোগীর সংখ্যা = ৪৪৩ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা = ১০২১ জন, বহি ঃ বিভাগে রোগীর সংখ্যা = ৪৪৩৭ জন, কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা = ৫৭২৬৪ জন, ভর্তিকৃত গর্ভবর্তী মহিলার সংখ্যা = ৬০ জন, স্বাভাবিক প্রসব = ২৪টি, সিজারিয়ান = ০৭ টি, মোট ডেলিভেরী = ৩১ ,জীবিত জন্ম = ৩১টি, এএনসি সেবা হাসপাতালে = ৫২৯ জন, পিএনসি সেবা হাসপাতালে = ৩১ জন, বেড অকুপেন্সী রেট ১০০.১৯%, মেজর সার্জারী = ০৮টি, মাইনর সার্জারী = ৪৮৭টি।<br><br>**করোনা সংক্রান্ত তথ্যঃ** হোম কোয়ারেন্টাইন/ আইসোলেশনরত = ১৫০৩ জন, হোম কোয়ারেন্টাইন /আসোলেশন হতে ছাড়পত্র = ১৫০৩ জন, করোনা টিকার রেজিস্ট্রেশন ২৫১০৩০ জন,(২০.০৬.২০২৩ পর্যন্ত) করোনার ১ম ডোজ টিকা গ্রহণ = ৩৯০৫৪০ জন, করোনার ২য় ডোজ টিকা গ্রহণ = ৩৭৬১৯২ জন, বুস্টার ডোজ টিকা গ্রহণকারীর সংখ্যা= ১৮৫৭৫৮, ৪র্থ ডোজ টিকা গ্রহণকারীর সংখ্যা- ১১৭২০ জন, ৫-১১ বছর শিশুদের টিকা প্রদান ১ম ডোজ= ৫৩৬৫০জন এবং ২য় ডোজ ৪১২৬০। | ১) জনগণকে যথাযথ স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>২) ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিক সমূহ যথাযথ ভাবে মনিটরিং করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবগঞ্জ বগুড়া। |
| ০২ | **উপজেলা কৃষি বিভাগ ঃ ফসল আবাদ পরিস্থিতিঃ** খরিপ মৌসুমে ২১১০০ হেক্টর জমিতে বোরো ও ১৮৫০০ হেঃ জমিতে আলু, ৭৫০ হেঃ জমিতে সরিষা, ভুট্টা ২০০ হেঃ, গম ১০০ হেঃসহ ১৭৫০ হেঃ জমিতে শাকসবজি আবাদ হয়েছে এবং সে অনুযায়ী মাঠে ২১০০০ হেঃ বোরো কর্তন সম্পন্ন হয়েছে এবং আলু, সরিষা, গম, ভুট্টা ও শাকসবজির ফসল কর্তন ইতিমধ্যে শেষ হয়েছে। খরিপ-১ ২৮৫ হেঃ আউশ, ২০০ হেঃ পাট, ভুট্টা ২৫ হেঃ, আখ ৪০ হেঃ ও শাকসবজি ৮২৫ হেঃ আবাদ হয়েছে। খরিপ-২ মৌসুমে আমন ও শাকসবজি আবাদের প্রক্রিয়া চলছে। মাঠে দন্ডায়মান ফসলের বর্তমান অবস্থা খুব ভাল। | | উপজেলা কৃষি কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| | **প্রদর্শনী ও প্রশিক্ষণ কার্যক্রমঃ** খরিপ মৌসুমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় আউশ ও আমন ফসলের ১১টি প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলছে। রাজস্ব খাতের আওতায় বিভিন্ন ফসলের ৪০টি প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলছে। এনএটিপি ফেজ-২ প্রকল্পের আওতায় খরিপ-১ ও খরিপ-২ বিভিন্ন প্রযুক্তির ৩৭টি প্রদর্শনী এবং রবি মৌসুমে রাজশাহী বিভাগ প্রকল্পের বিভিন্ন প্রযুক্তির ১৮টি প্রদর্শনী আধুনিক প্রযুক্তির মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪টি প্রদর্শনী ও মসলার উন্নতজাত ও প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পের ১৪টি প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলছে। এছাড়াও ৩ ব্যাচ কৃষক প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে। আইএফএমসি প্রকল্পের আওতায় ০৬টি আইসিএম কৃষক মাঠ স্কুলের কার্যক্রম শেষ হয়েছে। তাছাড়াও প্রণোদনা কার্যক্রমের আওতায় ১২০০ জন রোপা আউশের বীজ ও সার এবং ৯০০জন তোষা পাটের চীজ বিতরণ করা হয়েছে।<br>**শস্য সংরক্ষণ শাখার কার্যক্রমঃ** খরিপ-১ ও খরিপ-২ মৌসুমে বিভিন্ন ফসলের রোগ ও পোকামাকড় দমনে বালাইনাশক ডিলারের নিকট পর্যাপ্ত পরিমাণে বালাইনাশক মজুদ রাখা হয়েছে। খরিপ-১ মৌসুমে পাট, আখ, আউশ ও শাকসবজি ফসলে রোগ বালাই দমনে লিফলেট বিতরণসহ মাঠ পর্যায়ে কৃষকদের সার্বক্ষনিক পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড়াও মাঠ পর্যায়ে পোকামাকড় সনাক্ত করণের মাধ্যমে মাঠ ফসল রাক্ষায় কৃষকদের সার্বক্ষনিক পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>**সার মজুদ পরিস্থিতিঃ** খরিপ-১ ও খরিপ-২ মৌসুমে মৌসুমের জন্য ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারসহ অন্যান্য রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক এবং বর্তমানে সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় চলছে। অত্র দপ্তরের কর্মকর্তাগণ বিসিআইসি ও বিএডিসি সার ডিলারের গুদামসহ খুচরা সার বিক্রেতার দোকান ঘর পরিদর্শন করেছেন এবং বিভিন্ন সারের নমুনা সংগ্রহ পূর্বক মান যাচাইয়ের জন্য পরীক্ষাগারে পাঠানো হচ্ছে। খীরপ-১ ও খরিপ-২ মৌসুমে বোরোসহ পাট, আখ, আউশ, শাকসবজি ও অন্যান্য ফসল আবাদে সারের সরবরাহ ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>**সেচ পরিস্থিতিঃ** বিদ্যুৎ ও ডিজেল সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। গভীর ও অগভীর নলকূপ চালুর মাধ্যমে খরিপ-১ ও খরিপ-২ মৌসুমে সেচ কার্যক্রম স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া। |
| ০৩ | **উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ** (১) সভায় উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি অর্থ বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নাধীন কার্যক্রমের গড় অগ্রগতি বেশ সন্তোষজনক। এ পর্যন্ত প্রাপ্ত সকল বরাদ্দসমূহ বিগত উপজেলা মাসিক সভায় প্রাপ্ত সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন চলমান আছে। এছাড়া স্থানীয় সরকার বিভাগের গত তারিখ: ১৮/ ০৫/ ২০২৩ ইং তারিখের ৪৬.০২.০০০০.০৪৫.২০০০২.২২-৩৮৭ নং স্মারক মোতাবেক উপজেলা বাসা-বাড়ী ও অফিস ভবনাদি মেরামত/সংস্কার কোডে প্রাপ্ত এডিপি ২০ লক্ষ টাকা বরাদ্দ স্থানীয় জন-চাহিদা, বাস্তবতা ও বাস্তবায়নে প্রাপ্ত সময় পরিস্থিতি বিবেচনায় উপজেলা স্কীম যাচাই-বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্কীম যাচাই-বাছাই কমিটির এক জরুরী মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং-এ প্রাপ্ত বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রেখে অর্থের সর্বউত্তম ব্যবহার নিশ্চিত করতে সংশ্লিষ্ট ভবনাদির জন্য ১৪ লক্ষ টাকা রেখে অবশিষ্ট ৭ লক্ষ টাকায় পিআইসি পদ্ধতিতে (সম্ভাব্য উদ্বৃত্ত ধরে) ও পরিষদের মালিকানাধীন অতিব জরুরী মর্মে অপরাপর জরুরী স্থাপনা সমূহের জন্য সীমিত পরিমান অর্থ আলাদা সংযুক্ত তালিকা মোতাবেক মূল অংশের অর্থ ২০২২-২৩ ইং অর্থ বছরের অবশিষ্ট সময় ও সার্বিক পরিস্থিতি বাস্তবতা বিবেচনায় (পিআইসি) পদ্ধতিতে কার্যক্রম চুক্তি বাস্তবায়নের সিদ্ধান্ত প্রদান করেন। যা পরবর্তী সভায় অনুমোদন গ্রহনে প্রস্তাব উপস্থাপন করা যাবে মর্মে সে মিটিং-এ আলোচিত হয়। | (১) উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপনকৃত বিষয়টি সভায় উপস্থিত সকলে বাস্তবায়নের স্বার্থে পারস্পারিক আলোচনা করেন। সার্বিক আলোচনান্তে পরিষদের বিভিন্ন দপ্তরের জরুরী জন-চাহিদা বাস্তবতা এবং চলতি অর্থ বছরের হতে বিদ্যমান স্বল্প সময় বিবেচনায় এডিপি বাস্তবায়নের/ অর্জনে তথা বরাদ্দকৃত অর্থ তামাদি রোধে ও প্রয়োজন মিটাতে (পরিশিষ্ট-খ) এ বিবৃত মেরামত খাতসহ সাধারন খাতের স্কীমসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন পূর্বক পার্শ্বে বর্ণিত পদ্ধতিতে গৃহীত স্কীম বাস্তবায়নে প্রয়োজনীয় জরুরী কার্যকর ব্যবস্থা গ্রহনে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়। | ১) চেয়ারম্যান উপজেলা পরিষদ শিবগঞ্জ,<br>২) উপজেলা নির্বাহী অফিসার শিবগঞ্জ, বগুড়া।<br>৩) উপজেলা প্রকৌশলী এলজিইডি, শিবগঞ্জ, বগুড়া।<br>৪) ইউপি চেয়ারম্যান (সকল ইউপি ) শিবগঞ্জ, বগুড়া |

| | | | |
|---|---|---|---|
| | সে আলোকে প্রাপ্ত সংযুক্ত তালিকা মোতাবেক ("পরিশিষ্ট-খ") প্রাপ্ত স্কীমসমূহ প্রাক্কলন জরুরী ভিত্তিতে প্রস্তুতপূর্বক বাস্তবায়ন পদ্ধতি (পিআইসি ও আরএফকিউ) সু-স্পষ্ট অনুমোদন বিষয়ে মতামত প্রদান করা হয়। নথিতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক (আরএফকিউ দরপত্র) ও পিআইসি কার্যক্রম গ্রহন বিষয়ে সভায় কার্যক্রম গ্রহন বিষয়ে তিনি সভার দৃষ্টি আকর্ষন করে সু-নির্দিষ্ট মতামত প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন।<br>(২) গত ১৫/০৫/২০২৩ ইং তারিখে উপজেলা পরিষদের পুরাতন ড্যামেজ প্রশাসনিক ভবন নিলাম/অপসারন পূর্বক বিদ্যমান অফিসসমূহ কে অন্য গেজেটেড ও পদ্মাভবনের অস্থায়ী ভিত্তিতে স্থানান্তর বিষয়ক পরামর্শ ও গৃহিত সিদ্ধান্ত মোতাবেক Online e-GP পদ্ধতিতে আহবানকৃত দরপত্র (ID: 831547 ও 831567) দুটির ভবন সমূহের প্রয়োজনীয়তা, বাস্তবতা এবং সার্বিক প্রেক্ষাপটে অন্যান্য ভবনের অফিস স্থানান্তর সহজ ও ব্যবহার উপযোগী করনের নিমিত্তে প্রাপ্ত বরাদ্দের ও চুক্তি মূল্যের মধ্য সীমাবদ্ধ রেখে প্রাক্কলনে উক্ত ভবনদ্বয় নতুন ভাবে অন্তর্ভূক্ত করে আইটেম ওয়ার্ক/কাজের পরিমান সামান্য কম/বেশী করার একান্ত প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সে মোতাবেক উক্ত খসড়া প্রাক্কলনটি আংশিক সংশোধন পূর্বক অনুমোদনের নিমিত্তে মহোদয়ের নির্দেশনা মোতাবেক সদয় পেশ করা হলো। প্রাক্কলনটি এ সভায় অনুমোদিত হলে তদানুযায়ী কার্য-বাস্তবায়ন পূর্বক কার্য-বাস্তবায়নান্তে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা যাবে। | (২) পরিষদের সংশ্লিষ্ট সকলের পরামর্শের আলোকে উপজেলা প্রকৌশলী কর্তৃক বক্তব্যটি সভায় গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে সর্বউত্তম পন্থা হিসেবে পুরাতন ড্যামেজ ও প্রায় ব্যবহার অনুপোযোগী বিদ্যমান প্রশাসনিক ভবন নিলাম পূর্বক অপসারনের পূর্বে উক্ত ভবনে (সমাজসেবা, পরিসংখ্যান, সমবায়, আইসিটি, প্রভৃতি) সরকারী অফিসসমূহ অস্থায়ী ভিত্তিতে পুর্নঃবাসনে কার্যকরী সমাধানের সংশ্লিষ্ট সকলে একমত পোষনকরন পূর্বক উক্ত ভবনসমূহ জরুরী ভিত্তিতে ব্যবহার উপযোগী করনে প্রাপ্তবরাদ্দ থেকে আহুত দরপত্রদ্বয় প্রয়োজন মোতাবেক সংশোধন সর্বসম্মতিক্রমে অনুমোদন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানীয়ে সর্বসম্মত সিদ্ধান্ত প্রদান করা হয়। | |
| ০৪ | ১। **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এপ্রিল/২০২৩ খ্রিঃ মাসের কাজের অগ্রগতি পাঠ করেন এবং এপ্রিল ২০২৩ খ্রিঃ মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ করা হয়েছে। (ক) খাবার বড়ি (সুখি)= ১০৮৪১ (চক্র), (খ) কনডম= ১১৯৬৬ (পিস), (গ) খাবার বড়ি আপন= ৪৬৮(চক্র), (ঘ) ইনজেকশন= ২৪১৯ (ভায়াল), (ঙ) আইইউডি=০৯ জন,(চ) ইমপ্ল্যান্ট = ৬৬ জন, (ছ) ইসিপি= ১৪ জন, (জ)মিসোপ্রোস্টল= ৫৮৮ (ডোজ) এবং স্থায়ী পদ্ধতিঃ পুরুষ ০১ জন ও মহিলা =০১ জন। এপ্রিল ২০২৩ খ্রিঃ মাসের পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) =৮১.৪৭%।<br>২। স্থায়ী ও আইইউডি পদ্ধতির বিশেষ ক্যাম্পঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ১৬-১৮ মে/২০২৩ খ্রি. পর্যন্ত স্থায়ী ও আইইউডি পদ্ধতির বিশেষ ক্যাম্পের আয়োজন করা হয়েছিল। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, বগুড়া মহোদয়ের সিদ্ধান্ত মোতাবেক ১৬-১৮ মে/২০২৩ খ্রি. পর্যন্ত বগুড়া জেলার সকল উপজেলার স্থায়ী ও আইইউডি পদ্ধতির বিশেষ ক্যাম্প অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে স্থায়ী ও আইইউডি পদ্ধতি বৃদ্ধির জন্য ইউনিয়ন পর্যায়ে বুড়িগঞ্জ ও দেউলী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বিশেষ কার্যক্রম করা হয়েছে। স্যাটেলাইট ক্লিনিক, বাড়ী পরিদর্শন, উঠান বৈঠকসহ নানাবিধ কার্যক্রম পরিচালনা করা হয়। স্থায়ী ও আইইউডি পদ্ধতির বিশেষ ক্যাম্প গ্রহণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | স্থায়ী ও দীর্ঘ মেয়াদি পদ্ধতি আরও বৃদ্ধি করা প্রয়োজন।<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার এর কার্যালয় থেকে গর্ভকালীন পরিচর্যা কার্ড সরবরাহ করা হবে। | UFPO, MO (MCH-FP) ম্যানেজার, সূর্যের হাসি নেটওয়ার্ক, (বামানেহ্)<br>UFPO, MO (MCH-FP) |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, এপ্রিল-২০২৩ মাসে গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৫৮২, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান- ১৫০৮৩, কৃত্রিম প্রজনন প্রদান-২৮৯৯, গবাদিপশুর টিকা প্রদান-৩৯১৬৬, হাঁস-মুরগীর টিকা প্রদান-৫৬০০০ করা হয়েছে ও ঘাস চাষ ১ একর করা হয়েছে। ৭টি সিআইজিতে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।এলডিডিপি প্রকল্পের আওতায় প্রোডিউসার গ্রুপে ১৩০ জনকে ট্রেনিং প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া |
| ০৭ | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা শিবগঞ্জ,বগুড়া |
| ০৮ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা শিবগঞ্জ, |
| ০৯ | **উপজেলা শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া |
| ১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শিবগঞ্জ,বগুড়া |
| ১২ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,শিবগঞ্জ, বগুড়া। |
| ১৩ | **উপজেলা ত্রাণ শাখাঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ১৪ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবগঞ্জ বগুড়া। |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান,তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবগঞ্জ,বগুড়া। |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপ সহকারী প্রকৌশলী সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৭ | **উপজেলা বন উন্নয়ন বিভাগঃ** বন বিভাগীয় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা বন ও পরিবেশ কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |
| ১৮ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** পল্লী সঞ্চয় ব্যাংক ম্যানেজার সভায় জানান, খেলাপী ঋণ আদায়ে বিভাগীয় ভাবে জোর তাগিদ দেওয়া হচ্ছে এবং তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক শিবগঞ্জ, বগুড়া। |
| ১৯ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২) উপজেলা নির্বাহী অফিসার |
| ২০ | **আনসার ভিডিপি ঃ** উপজেলা আনছার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শিবগঞ্জ |
| ২১ | **উপজেলা তথ্য কেন্দ্র ঃ** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা বলেন যে, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২২ | **বিবিধ আলোচনাঃ** (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া সভায় জানান যে, প্রচন্ড তাপদাহ ও বৈদ্যুতিক ভোল্টেজ ডাউন হওয়ার কারণে তার কার্যালয়ের সিসি ক্যামেরা নষ্ট হয়ে গেছে। নিরাপত্তাজনিত কারণে কেনা প্রয়োজন।<br><br>(খ) তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের পূর্বের স্থাপনকৃত সোলার প্যানেল সেট প্রাকৃতিক দূর্যোগে বজ্রপাতের কারণে পুড়ে গেছে। ফলে বিদ্যুৎ না থাকলে অফিসের স্বাভাবিক কার্যক্রম করতে ব্যাহত হচ্ছে। এছাড়াও উপজেলা পরিষদ চত্বরে বিদ্যুৎ না থাকলে চুরি সংঘটিত হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে নিরাপত্তার স্বার্থে ০৩টি সোলার স্ট্রিট লাইট ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পার্শ্বে বর্ণিত কমিটির মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের জন্য দ্রুততম সময়ে স্পট কোটেশন আহ্বান করে সিসি ক্যামেরা ক্রয় করার জন্য নিম্নরূপ ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>**সিসি ক্যামেরা ক্রয় কমিটিঃ**<br>১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শিবগঞ্জ, বগুড়া - আহ্বায়ক<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া - সদস্য<br>৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া - সদস্য<br>৪। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া - সদস্য<br>৫। সহকারী সমাজসেবা কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া - সদস্য<br>২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের জন্য স্পট কোটেশন আহ্বান করে সোলার প্যানেল ক্রয় করার জন্য নিম্নরূপ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>**সোলার ও স্ট্রিট লাইট ক্রয় কমিটিঃ**<br>১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শিবগঞ্জ, বগুড়া - আহ্বায়ক<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া - সদস্য<br>৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শিবগঞ্জ, বগুড়া - সদস্য | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া<br><br>২) উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া |
| ২৩ | (৩) উপজেলা পরিষদের এপ্রিল ২০২৩ মাসে জরুরি প্রয়োজনে নিম্নবর্ণিত খাতে ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। বিষয়টি বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০১) এপ্রিল/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল - ৩০,০০০/-<br>০২) এপ্রিল/২০২৩ মাসের স্থায়ী কমিটি আপ্যায়ন ব্যয় বিল - ৮,০০০/-<br>০৩) এপ্রিল/২০২৩ অফিস সামগ্রী ও ষ্টেশনারী দ্রব্যাদি ক্রয় - ৫,০০০/-<br>০৪) উপজেলা পরিষদের ইলেকট্রিক সামগ্রী ক্রয় বিল -১৫,৪৯০/-<br>০৫) উপজেলা পরিষদের ইলেকট্রিক কাজের পারিশ্রমিক - ৩,০০০/-<br>০৬) উপজেলা পরিষদের সোলার প্যানেল মেরামত বিল -১০,০০০/-<br>০৭) উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের এসি মেরামত বিল বাবদ - ৫,০০০/-<br>০৮) উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বিল - ২৫,০০০/-<br>০৯) উপজেলা পরিষদের বাসাবাড়ীর টাইলস্ ক্রয় বিল - ২৫,০০০/-<br>১০) উপজেলা পরিষদের বাসাবাড়ী টাইলস স্থাপন কাজের মজুরী বাবদ - ১০,০০০/-<br>১১) উপজেলা পরিষদের ফটোকপি মেশিনের যন্ত্রাংশ ক্রয় ও মেরামত বিল বাবদ - ২৫,০০০/-<br>১২) উপজেলা পরিষদের আবাসিক ও অফিস চত্বরের জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেন পরিস্কার - ১৯,২০০/- | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আলোচনা ক্রমে উপজেলা পরিষদের ব্যয় সমূহ ভূতাপেক্ষা অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া<br><br>২) উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফিরোজ আহমেদ রিজু)
চেয়ারম্যান
শিবগঞ্জ উপজেলা পরিষদ, বগুড়া।
ফোনঃ ০৫০৩৩-৬৯০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, বগুড়া।
(shibganj.bogra.gov.bd)

স্মারক নং-০৫.৫০.১০৯৪.০০০.০৪.০২৪.২৩.৮২০ তারিখ ঃ ৩০ মে ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৩৭-বগুড়া-২(শিবগঞ্জ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, বগুড়া।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
০৫। মেয়র, শিবগঞ্জ পৌরসভা, বগুড়া।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
০৮। উপজেলা..............................কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া।
০৯। চেয়ারম্যান,........................(সকল) ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
১০। অফিস কপি

৩০।০৫।২০২৩

(উম্মে কুলসুম সম্পা)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, বগুড়া।
E-mail: unoshibganjbogra@mopa.gov.bd
ফোন: ০২৫৮৯৯১১৫০১